

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৪৯

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (کتاب البیوع)

পরিচ্ছেদঃ ৬৮. (পিলু গাছের ডাল ও পাতা লোকদের থেকে) সংরক্ষণ করা সম্পর্কে

باب فِي الْحِمَى

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ الزُّبَيْرِ حَدَّثَنَا الْفَرَجُ بْنُ سَعِيدٍ قَالَ أَخْبَرَنِي عَمِّي ثَابِتُ بْنُ سَعِيدٍ عَنْ أَبِيهِ سَعِيدٍ عَنْ جَدِّهِ أَبْيَضَ بْنِ حَمَّالٍ أَنَّهُ سَأَلَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ حَمَى الْأَرَاكِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا حِمَى فِي الْأَرَاكِ فَقَالَ أَرَاكَةٌ فِي حَمَى الْأَرَاكِ فَقَالَ أَرَاكَةٌ فِي حَظَارِي فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا حِمَى فِي الْأَرَاكِ قَالَ فَرَجٌ يَعْنِي أَبْيَضُ حِظَارِي فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا حِمَى فِي الْأَرَاكِ قَالَ فَرَجٌ يَعْنِي أَبْيَضُ بِحِظَارِي الْأَرْاكِ قَالَ فَرَجٌ يَعْنِي أَبْيَضُ بِحِظَارِي الْأَرْضَ الَّتِي فِيهَا الزَّرْعُ الْمُحَاطُ عَلَيْهَا

বাংলা

২৬৪৯. আবয়ায ইবনু হাম্মাল রাদ্বিয়াল্লাভ্ আনভ্ থেকে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট পিলু বৃক্ষ সংরক্ষণ করা সম্পর্কে জিজ্ঞাসা করেন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লামবলেনঃ "পিলু বৃক্ষ সংরক্ষণ করা যাবে না।" তখন তিনি (ইবন হাম্মাল) বলেনঃ আমার বেড়ার মধ্যকার পীলু গাছ? তখন নবী সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ পিলু বৃক্ষ সংরক্ষণ করা যাবে না।"[1] রাবী ফারাজ বলেনঃ ইবনু আবইয়াদ 'আমার বেড়ার মধ্যকার' দ্বারা বুঝিয়েছেন: ঐ শস্য ক্ষেতকে, যার চারদিক থেকে ঘেরা ছিল।

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান।

তাখরীজ: আবূ দাউদ, খারাজ ৩০৬৬; ইবনু আবী আসিম, আহাদ ওয়াল মাছানী নং ২৪৭২। এটি গত ২৬৪৩ নং হাদীসের অংশবিশেষ। সেখানে পূর্ণ তাখরীজ দেখুন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🗆 বর্ণনাকারীঃ আবইয়ায ইবনু হাম্মাল মা'রিবী (রাঃ)



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=82934}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন